গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(গোপনীয় শাখা)

**মোঃ মঞ্জুরুল হাফিজ, বিপিএএ, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক ২২/০৬/২০২৩ খ্রি. তারিখে সোনারগাঁ উপজেলাধীন পিরোজপুর ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন প্রতিবেদন।**

আজ ২২/০৬/২০২৩ খ্রি. তারিখ সোনারগাঁ উপজেলাধীন পিরোজপুর ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন করি। পরিদর্শনকালে চেয়ারম্যান জনাব মাসুদুর রহমান মাসুম, সচিব জনাব মফিজুর রহমান, ইউনিয়ন পরিষদের সদস্য এবং অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

১। অবস্থান ঃ নতুন কমপ্লেক্স ভবনেইউনিয়ন পরিষদ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২। ইউনিয়ন পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ ঃ

| ক্রমিক নং | কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ | মঞ্জুরীকৃত পদ | কর্মরতপদ | শূন্যপদ |
|---|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান | ০১ | ০১ | - |
| ২. | সেক্রেটারী | ০১ | ০১ | - |
| ৩. | গ্রাম পুলিশ (দফাদার) | ০১ | ০০ | ০১ |
| ৪. | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০৯ | ০৮ | ০২ |

৩। পরিদর্শন রেজিস্টার ঃ

পর্যালোচনায় দেখা যায় যে, সর্বশেষ ১৬/১১/২০২২ খ্রি. তারিখ জনাব মোহাম্মদ আনোয়ার হোসাইন, উপ-পরিচালক (উপ-সচিব) কর্তৃক এ ইউনিয়ন পরিষদ অফিসটি পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে মর্মে জানা যায়।

মন্তব্য ঃ পরিদর্শন প্রতিবেদনের নির্দেশ মোতাবেক ফলোআপ কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হলো।

৪। পত্র প্রাপ্তি রেজিস্টার ঃ

নির্ধারিত ছাপানো ফরমে রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠাংকন ও প্রত্যয়ন আছে। পর্যালোচনায় দেখা যায় ০১/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ২২/০৬/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২২ টি পত্র পাওয়া গেছে।

মন্তব্য ঃ রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

৫। পত্র জারী রেজিস্টার ঃ

নির্ধারিত ছাপানো ফরমে রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠাংকন ও প্রত্যয়ন করা আছে। পর্যালোচনায় দেখা যায় ০১/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ২২/০৬/২০২৩ খ্রি. তারিখ মোট ১৬ টি পত্রজারী করা হয়েছে।

মন্তব্য ঃ রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

চলমান পাতা/২

CamScanner

৬। পিয়ন বই ঃ
পর্যালোচনায় দেখা যায় অত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়ে পিয়ন বই যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

৭। অধিবেশন রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় যে, রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং রেজিস্টারটি ০৫/০১/২০২২ খ্রি. তারিখ হতে নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। সর্বশেষ ২৩/০৫/২০২৩ খ্রি. তারিখ সভা হয়েছে। সভার কার্যবিবরণী সকলের নিকট প্রেরণ করা হয়েছে।

মন্তব্য ঃ প্রতিমাসে একবার সভা আহ্বান করে ইউনিয়ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, আয়-ব্যয় অনুমোদন ও অন্যান্য বিষয়ে নিষ্পত্তি করার জন্য এবং অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের বরাবর প্রেরণের জন্য চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

৮। ক্যাশ বই ঃ

ক্যাশ বই পরীক্ষান্তে দেখা যায় ক্যাশ বই যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। ব্যাংকের পাশ বই ও হিসাব বিবরণী যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

মন্তব্যঃ ক্যাশ বই সংরক্ষণে সর্তকতা অবলম্বনের জন্য বলা হলো।

৯। বাজেট রেজিস্টার ঃ

২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। বাজেট করার পূর্বে জনমতের বিষয়টি গুরুত্ব দেয়াসহ বাজেটে উল্লেখিত প্রতিটি খাতের জন্য আলাদা আলাদা রেজিস্টার সংরক্ষণের জন্য চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

১০। প্লান বই রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় এ ইউনিয়ন পরিষদে কোন প্লান বই নেই। প্লান বই সংরক্ষণ করে সকল উন্নয়ন পরিকল্পনা বিবরণ লিপিবদ্ধ করার জন্য চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

১১। জন্ম মৃত্যু নিবন্ধন ঃ

জন্ম মৃত্যু নিবন্ধন চলমান কার্যক্রমের গতিশীলতার বৃদ্ধির জন্য ক্র্যাশ প্রোগাম পরিচালনার জন্য চেয়ারম্যান ও সদস্য, সচিবকে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়াও প্রয়োজনে জন্ম ও মৃত্যু নিবন্ধস আইন, ২০০৪ এর বিধিমালা অনুস্মরন করে জনগনের সেবা প্রদান কালে জন্ম নিবন্ধন সনদ দাখিলের উপর গুরুত্বারোপ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১২। পারমানেন্ট রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় যে রেজিস্টারটি অনেক পুরানো। পারমানেন্ট রেজিস্টারটি হালনাগাদ সঠিকভাবে সংরক্ষণ করার জন্য চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলো।

১৩। আসবাবপত্র রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় যে, ০১/০১/২০১১ খ্রি. তারিখ পর্যন্ত রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং নির্ধারিত ছাপানো ফরমে রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে। পর্যালোচনায় দেখা যায় ২৫ টির বিভিন্ন রকমের আসবাবপত্র রয়েছে। সঠিকভাবে রেজিস্টারটি সংরক্ষণ করার জন্য বলা হলো।

চলমানপাতা/৩

CamScanner

১৪। গার্ড ফাইল ঃ

উর্ধতন অফিসসমুহের আদেশ/নির্দেশ যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করা হচ্ছে। সূচি মোতাবেক সার্কুলারগুলো সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে।

১৫। ভাউচার গার্ড ফাইল ঃ

ভাউচার গার্ড ফাইলটি পরীক্ষা করা হলো। পরীক্ষান্তে দেখা যায় গার্ড ফাইলটি সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে না।

মন্তব্য ঃ ভাউচার গার্ড ফাইলটি সূচি তৈরী করে সঠিকভাবে সংরক্ষণ করার জন্য বলা হলো।

১৬। ট্রেড লাইসেন্স রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায়, রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ৬৪৮ টি ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়েছে। রেজিস্টারটি সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে।

১৭। চৌকিদার রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় যে, রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং নির্ধারিত ফরমে সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে।

১৮। আদায় রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় যে, রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং নির্ধারিত ছাপানো ফরমে সংরক্ষণ করা হচ্ছে। বিধি মোতাবেক ১০০% ট্যাক্স এসেসমেন্ট করে টেক্স আদায়কারী ও গ্রাম পুলিশদের দিয়ে ট্যাক্স আদায় করার জন্য চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

১৯। ভিজিডি রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। এ কর্মসূচির আওতায় উপকারভোগী ১০৭ জন। প্রতি উপকারভোগীকে প্রতি মাসে ৩০ কেজি করে চাউল/গম বিতরণ করা হচ্ছে। রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

২০। রশিদ বই রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় যে, রেজিস্টারটি প্রত্যায়িত আছে। রেজিস্টারটি নির্ধারিত ফরমে যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

২১। ভাতা রেজিস্টার ঃ

পরীক্ষান্তে দেখা যায় রেজিস্টারটি প্রত্যায়িত আছে এবং নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। ভাতা নেয়ার সময় গ্রহনকারীর স্বাক্ষর ও রেভিনিউ স্ট্যাম্প নেয়া হচ্ছে।

২২। হাজিরা খাতা ঃ

সেক্রেটারী ও গ্রাম পুলিশের জন্য ০২ টি পৃথক হাজিরা খাতা সংরক্ষণ করা হচ্ছে। প্রতিদিন আগমন ও প্রস্থানের সময় উল্লেখপূর্বক স্বাক্ষর আছে।

চলমানপাতা/৪

CamScanner

**পরিদর্শনের উপর সার্বিক মন্তব্য ঃ**

পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিতবিষয় সমূহের পাশাপাশি নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ ও বাস্তবায়ন করার জন্য চেয়ারম্যান, ইউপি সচিব ও ইউপি সদস্যদেরকে অনুরোধ করা হলো ঃ

১. সর্বশেষ আইন অনুসারে গ্রাম আদালত পরিচালনা এবং জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করণ।
২. ইউনিয়ন পরিষদ অপারেশন ম্যানুয়েল অনুযায়ী এলজিএসপি এর সকল প্রকল্প গ্রহণ ও সঠিক নিয়মে বাস্তবায়ন।
৩. সরকারি স্বার্থ সংশ্লিষ্ট সম্পত্তি সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ, অফিসের রেজিস্টার সংরক্ষণ, নথি রক্ষণাবেক্ষণ ও প্রাপ্ত চিঠিপত্র যথাসময়ে উপস্থাপন এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ।
৪. বিভিন্ন ফান্ড খরচ করার ক্ষেত্রে স্বচ্ছতা রাখা ও আইন নীতিমালা অনুযায়ী কাজগুলো সম্পন্ন করা।

২২/৬/২৩
মোঃ মঞ্জুরুল হাফিজ, বিপিএএ
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৬৭০০.১০০.০৬.০০৮.২৩- ৮৭১

তারিখ ঃ ২২.০৬.২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। উপ পরিচালক (উপসচিব), স্থানীয়সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৩। চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৪। অফিস কপি।

২২/৬/২৩
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ

CamScanner